হরিণাকুন্ডুতে জেলা তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

গ্রামীণ জনগোষ্ঠীর প্রচার কার্যক্রম শক্তিশালীকরন (১ সংশোধিত) প্রকল্পের আওতায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং আত্মহত্যা প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে, বৃহস্পতিবার সকাল ১১ টায় ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার ৭ নং রঘুনাথপুর ইউনিয়নের পোড়াহাটি উচ্চ বিদ্যালয় মাঠ প্রঙ্গনে জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দীক এর সভাপতিত্বে এক বিশাল মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

পোড়াহাটি উচ্চ বিদ্যালয় এর সহযোগিতায় মহিলা সমাবেশ এ প্রধান অতিথি হিসাবে বক্তব্য প্রদান করেন ঝিনাইদহ জেলা প্রশাসক জনাব মনিরা বেগম, প্রধান বক্তার বক্তেব্যে বলেন আত্মতহ্যা মহা পাপ, আত্মহত্যা প্রতিবাদের কোন ভাষা নয়, আত্মহত্যা প্রতিশোধের কোন পথও নয়, মুহর্তের ভুলে একে শেষ করে দিবেন না, এবার মৃত্য মানে আর কখনোই ফেরা নয়, আত্মহত্যা বিভিন্ন কুফল গুলো উপস্থাপন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা মোঃ জাহাঙ্গীর হুসাইন, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সেলিম আহমেদ, জেলা প্রশাকের নির্বাহী ম্যজিস্ট্রিট মোঃ শরিফুল ইসলাম,জেলা মাদক দ্রব্য পরিচালক গোলক চন্দ্র মজুমদার,জেলা ভক্ত অধিকার অফিসার জিয়াউল হক, রঘুনাথ ইউনিয়নের চেয়ারম্যান মোঃ বশির উদ্দিন,উপজেলা প্রকল্প বাস্তবয়ন কর্মকর্তা মোঃ জামাল হুসাইন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ ফজলুল হক,উপজেলা মহিলা বিষয়ক অফিসার ফিরোজা মুন্সী, হরিণাকুন্ডু প্রেস ক্লাব সভাপতি এইচ মাহামুদ মিলু, পোড়াহাটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষা মোঃ আব্দুল লতিফ প্রমুখ।

কোটচাঁদপুর সব্দুল সরদার স্কুল এন্ড কলেজের বাৎসরিক পিঠা মেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর সব্দুল সরদার মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজের বাৎসরিক পিঠা মেলা অনুষ্ঠিত হয়েছে। পৌর শহরের দুধসারা সড়কে অবস্থিত প্রতিষ্ঠানের মাঠ প্রাঙ্গনে দিনব্যাপী এ মেলার আয়োজন করা হয়। বৃহস্পতিার সকালে ফিতা কেটে ৩য় তম এ মেলার উদ্বোধন করেন পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।

এসময় উপস্থিত ছিলেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও ব্যবস্থাপনা পরিচালক শিশির আহম্মেদ শিলন। মেলা উপলক্ষে প্রতিষ্ঠানের ক্যাম্পাস বিভিন্ন রং-বেরঙ্গের বেলুন ও ফেস্টুন দিয়ে সাজানো হয়। পরে মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, সাবেক পৌর মেয়র সালাহউদ্দিন বুলবুল সিডল, স্থানীয় পৌর কাউন্সিলর মাহবুব খাঁন হানিফ। মেলায় ১১ টি স্টলে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা গ্রামীণ ঐতিহ্যর বিভিন্ন প্রকারের পিঠা তৈরী করে অংশগ্রহন করেন।

এছাড়াও পিঠা মেলায় উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের প্রধান শিক্ষক বিমল ভৌমিক, প্রভাষক জাহিদুল ইসলাম মোস্তফাসহ প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

মুুক্তিযোদ্ধা যাচাই বাছাই থেকে জামুকার তালিকা বহির্ভূত

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করার জোর দাবি জানাচ্ছি।

স্মারকলিপির প্রথমেই তারা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটিকে বিতর্কিত বলে আখ্যায়িত করেছেন। এ কমিটি বাতিলের দাবিতেও ইতোপূর্বে সংবাদ সম্মেলন, মানববন্ধনও করেছেন মুক্তিযোদ্ধারা। মুক্তিযোদ্ধাদের দাবি অনুয়ায়ি জেলা প্রশাসন কোন ব্যবস্থা গ্রহণ করেনি। যা অত্যন্ত দু:খজনক। তখন ব্যবস্থা নেওয়া হলে হয়তো নতুন করে তালিকা বহির্ভূতদের সাক্ষাতের বিষয়ে স্মারকলিপি দিতে হতো না।

স্মারকলিপিতে তারা আরও দাবি করেছেন, রাজাকারের সন্তানও নাকি মুক্তিযোদ্ধা হওয়ার জন্য যাচাই বাছাই কমিটির কাছে সাক্ষাৎকার দিয়েছেন। যে আবেদন তারা করেছেন তা জামুকার পরিপত্র অনুসারে নির্ধারিত সময়ের অনেক পরে। নির্ধারিত সময়ের পরে নতুন করে আবেদন করার কী বিধান আছে তা সংশ্লিষ্ট কর্মকর্তা বলতে পারবেন? তবে বিষয়টি নিয়ে মুক্তিযোদ্ধাদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে তা বলার অপেক্ষা রাখে না।

যে মুক্তিযোদ্ধাদের অবদানের কারণে আমরা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করছি, স্বাধীন দেশে বুকভরে নি:শ্বাস নিতে পারছি, আসুন তাদের কথাগুলো একটু বোঝার চেষ্টা করি। অমুক্তিযোদ্ধা, ভুয়া, রাজাকার, রাজাকারের সন্তান যারা আবেদন করেছেন মুক্তিযোদ্ধা হওয়ার জন্য (মুক্তিযোদ্ধারা তাদের দাবিতে যেভাবে বলেছেন)। বীর মুক্তিযোদ্ধাদের দাবি আমলে নিয়ে ওই সকল আবেদনকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা প্রশাসনের কাছে উদাত্ত আহবান জানাচ্ছি।

পরিশেষে, বর্তমান সরকার জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের মর্যাদা, ভাতা বৃদ্ধি, অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের ঘর নির্মাণ সহ বিভিন্ন সুযোগ সুবিধা চালু করেছেন। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে জমি আছে ঘর নেই এমন অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য প্রায় সাড়ে ১৩ লাখ টাকা বরাদ্দ দিয়ে বীর নিবাস নামের বাড়ি নির্মাণ করে দিচ্ছেন। যার কাজ চলমান রয়েছে।

যদি আজ ভুয়া, অমুক্তিযোদ্ধারা মুক্তিযোদ্ধা বনে যান, সরকারের এসকল সফল উদ্যোগ, ওই সকল লোভাতুর মানুষদেরকেই কেবল সুবিধা

দেবে। বঞ্চিত হবে প্রকৃত মুক্তিযোদ্ধারা।

হরিণাকুন্ডুর জোড়াদহ কলেজের লাইব্রেরিয়ান আশা বাঁচতে চাই

ঝিনাইদহের হরিণাকুন্ডু জোড়াদহ কলেজের লাইব্রেরিয়ান আশাদুজ্জামান আশা (৪৫) বাঁচতে চায়। আশাদুজ্জামান আশা হরিণাকুন্ডু উপজেলার জোড়াদহ গ্রামের মোঃ দাউদ আলী মালিতার ছেলে। আশাদুজ্জামান আশার দুটো কিডনিই পুরোপুরি নষ্ট হয়ে গেছে।

এছাড়াও শারিরীকভাবে জটিল সমস্যায় জর্জরিত হয়ে বর্তমানে ভারতের এশিয়ান ইন্সটিটিউট অফ মেডিকেল সার্ভিসেস হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

তার শারিরীক সমস্যা নিয়ে পুরোপুরি পর্যবেক্ষণ করে ডাক্তারগণ ধারণা দেন আশার পুরোপুরি চিকিৎসা করাতে ৬০-৭০ লক্ষ টাকার প্রয়োজন।

যা তার পরিবারের একার পক্ষে জোগাড় করা সম্ভব হচ্ছে না। এক কথায় দারুণ অসহায়ত্ব নিয়েই অন্যের সহযোগিতা কামনা করেছেন।

দেশ বিদেশের বন্ধুবান্ধব শুভাকাঙ্ক্ষী সুহৃদয়বান ব্যক্তিদের কাছে সাহায্যের জন্য আকুল আবেদন জানিয়েছেন তার পরিবার পরিজন।

মেহেরপুর ডিবির নতুন ওসি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কাটেন গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক।

পত্রিকার প্রতিনিধি নুরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী প্রেসক্লাবের সহ-সভাপতি মজনুর রহমান আকাশ, সম্পাদক মাহাবুব আলম, সময়ের আলো পত্রিকার প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা ও লাখোকণ্ঠের প্রতিনিধি রফিকুল আলম। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন আরটিভির জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিক।

অনুষ্ঠানে বক্তাগন পত্রিকার ভূয়সী প্রশংসা করেন এবং সত্য ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য প্রতিনিধির প্রতি আহবান জানান।

আলমডাঙ্গায় জাতীয় ভোটর দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

আলমডাঙ্গায় জাতীয় ভোটার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। “মুজিব বর্ষের অঙ্গীকার, রক্ষা করব ভোটাধিকার” এ ¯শ্লোগানে সামনে রেখে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বুধবার সকাল ১০ টার দিকে উপজেলা পরিষদ চত্ত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে আলচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, আলমডাঙ্গা পৌর প্যানেল মেয়র-১ কাউন্সিলর খন্দকার মজিবুল ইসলাম।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা নির্বাচন অফিসার এমএজি মোস্তফা ফেরদৌস।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামীম রেজার উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা প.প কর্মকর্তা হাসানুজ্জামান খান, প্রাথমিক শিক্ষা অফিসার শামসুজ্জোহা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক,

ইউআরসি ইন্সটেক্টর জামাল উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ, বিআরডিব অফিসার শায়লা সারমিন, তথ্য কর্মকর্তা, স্নিগ্ধা দাস, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান,হারদী মীর সামছুদ্দিন আহমেদ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম সাগর, আলমডাঙ্গা সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক সাঈদ হিরোন, আলমডাঙ্গা পাইলট সরকারি উচ্চবিদ্যালয়ের সহকারি শিক্ষক শরাফাত হোসাইন রাসেল, সহকারি শিক্ষক মানোয়ার হোসেন, আলমডাঙ্গা সরকারী কলেজ, আলমডাঙ্গা পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়, পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় ভোটার দিবস পালিত

র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে বুধবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলামের নেতৃত্বে র্যালীটি জেলা শিল্পকলা একাডেমির সামনে থেকে শুরু করে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।

র্যালী পরবর্তী আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার।¡ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, উপজেলা নির্বাচন অফিসার কবীর হোসেন প্রমূখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনা সভা ও বীর কর্ণারের উদ্বোধন

দামুড়হুদায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্তরের মুক্তমঞ্চে উক্ত আলোচনাসভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়ুহদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা যুদ্ধকালিন কমান্ডার লিয়াকত আলী, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা সাব রেজিস্ট্রার নাফিয বিন যামান।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় আরও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দীন, বীর মুক্তিযোদ্ধা রেজাউল করীম, বীর মুক্তিযোদ্ধা তমছের আলী, ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, হযরত আলী, আব্দুল করিম, ইয়ামিন আলী, শফিকুল ইসলাম, নিজাম উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম, নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু প্রমূখ।

আলোচনার ফাঁকে ফাঁকে দামুড়হুদা উপজেলা উপজেলা শিল্পকলা একডেমির শিক্ষক আসমত আলী বিশ্বাস ও আক্কাছ আলীর নেতৃত্বে সংগীত পরিবেশন করা হয়। শুরুতেই যুদ্ধকালিন কমান্ডার বীর মুক্তিযোদ্ধা লিয়াকত

আলীকে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত লাল চেয়ারে বসিয়ে সম্মান জানানো হয়।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশীদ। এর আগে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত ১০ ও ১১ নং দুটি বেডের উদ্বোধন করা হয়। দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু ফিতে কেটে বীর কর্ণারের শুভ উদ্বোধন করেন।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আবু হেনা মোহাম্মদ জামাল শুভসহ স্থানীয় বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

চাল, ডাল, তেল, গ্যাস-বিদ্যুৎসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য লাগামহীন বৃদ্ধির প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয় ।

বুধবার বিকালের দিকে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী বিএনপি কেন্দ্রীয় নির্বাহী কমিটির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডাঃ মোহাম্মদ রফিকুল ইসলাম।

এসময় তিনি বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল গণমানুষের দল। বাংলাদেশ যখন করোনায় আক্রান্ত তখন কিন্তু বাংলাদেশ জাতীয়তাবাদী দল হাত-পা গুটিয়ে বসে থাকেনি। কিন্তু সরকার দলের নেতৃবৃন্দ তারা শুধু অর্থ লুট করেই ক্ষান্ত হননি গত দুই বছরে সরকার দলীয়রা কোটি কোটি টাকার মালিক হয়েছেন। দ্রব্যমূল্যের সীমাহীন উর্দ্ধোগতির কারণে এদেশের জনগণ আজ নিপিড়ীত।

অথচ সরকারের মন্ত্রীরা বলছেন রাত পোহালেই আয় বাড়ছে। আমরা অজান্তেই নাকি বড়লোক হয়ে যাচ্ছি। শুভঙ্করের ফাকি মানুষ এখন বোঝে। আজ দেশে শুধু লুট, লুট আর হরিলুট চলছে। এই করোনাকালীন সময়ে ২৪ হাজার কোটি টাকা লুণ্ঠন করছেন কোথায় সেই টাকা। আপনারা ভুলে যাবেন না। কোন টাকার হিসাব না দিয়ে বর্ডার পর্যন্ত পার হতে পারবেন না । হিসাব আপনাদের দিতেই হবে।

ভুলে গিয়েছেন হলমার্ক কেলেঙ্ককারীর চার হাজার কোট টাকার কথা। পদ্মা সেতু যে টাকায় তৈরী করার ছিলো তার তিন গুন বেশি টাকায় পদ্মা সেতু করেছেন। যার ঋণ আমাদের ২০৫৭ সাল পর্যন্ত বহন করতে হবে। তাহলে কি চলছে এ দেশে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় কমিটির সহ সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মাহফুজ, সেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সহ সাংগঠনিক সম্পাদক ইফতেখার সেলিম অগ্নি, মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আলমগীর খান ছাতু, ইলিয়াস হোসেন, আব্দুর রহমান, সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, যুগ্ম সম্পাদক প্রফেসর ফয়েজ মোহাম্মদ।

পৌর বিএনপির সাভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ প্রমূখ। এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহ-সভাপতি আবাদু রউফ, ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সহ সভাপতি আনিসুর রহমান লাবলু, যুগ্ম সম্পাদক রাজন জেলা কৃষক দলের সাধারণ সম্পাদক মিজানুর রহমান, জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহাবুব সানিসহ মেহেরপুর জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।